



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
বগুড়া  
(সংস্থাপন শাখা)  
[www.bogura.gov.bd](http://www.bogura.gov.bd)

নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০০৭.২৮.০০০১.২২.১৮৩

তারিখ: ২২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের সকাল ৯:০০ টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান, বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এবং অফিস কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯ মার্চ ২০২৬ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.০০০.১১০.৯৯.০০০৯.২৬.৩৬৭ নং পত্রে জারিকৃত নির্দেশনাসমূহ প্রতিপালিত হচ্ছে কিনা, তা তদারকি করার জন্য ৩ (তিন) সদস্য বিশিষ্ট নিম্নরূপ ভিজিলাস টিম গঠন করা হলো:

ক্রমিক	কর্মকর্তার পদবি	টিমের পদ নাম
০১	মোঃ মেজবাবুল করিম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)	টিম লিডার
০২	মোঃ কাজিম রেজা চৌধুরী, সহকারী কমিশনার (শিক্ষণবিশ)	সদস্য
০৩	শাফাত ইবনে জহির, সহকারী কমিশনার (শিক্ষণবিশ)	সদস্য

**নির্দেশনাসমূহ:**

- প্রতিদিন সকাল ৯:০০ টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান করতে হবে। দাপ্তরিক কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রেও উক্ত সময়সীমা যাতে বিঘ্নিত না হয়, সে বিষয়ে সতর্ক থাকতে হবে;
- দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে;
- অফিস চলাকালীন শুধুমাত্র প্রয়োজনীয় সংখ্যক লাইট, ফ্যান, এয়ার কন্ডিশন ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করতে হবে;
- এয়ার কন্ডিশন ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে;
- অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে;
- অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে;
- অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ব্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে;
- সরকারি নির্দেশনা ব্যতিরেকে আলোকসজ্জা পরিহার করতে হবে;
- জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে এবং
- অফিস কক্ষ, করিডোর, টয়লেট, সিঁড়ি, সিঁড়ির হাভল ইত্যাদি নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

০৫-০৪-২০২৬

মোঃ তৌফিকুর রহমান

জেলা প্রশাসক, বগুড়া

ফোন : ০২৫৮৯৯০০০২০

ইমেইল : dcbogura@mopa.gov.bd

নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০০৭.২৮.০০০১.২২.১৮৩/১ (৯)

তারিখ: ২২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), বগুড়া।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া।
- ৬। এলএও/জিসিও/এনডিসি/আরডিসি, বগুড়া।
- ৭। সহকারী কমিশনার (ভূমি) (সকল), বগুড়া।
- ৮। সহকারী কমিশনার (সকল শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এবং
- ৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।



০৫-০৪-২০২৬

মোঃ তৌফিকুর রহমান

জেলা প্রশাসক, বগুড়া